

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
সেপাস উইং



ডাটা ম্যানেজমেন্ট শাখা

পরিসংখ্যান ভবন, ই-২৭/এ আগারগাঁও, ঢাকা-১২০৭

www.bbs.gov.bd

নং: ৫২.০১.০০০০.৪০৩.১৬.০৪৩.১৬.(অংশ-০১).১৬৪

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৭
৩০ সেপ্টেম্বর ২০২০

বিষয়: 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী' হিসেবে অন্তর্ভুক্তকরণ ও প্রত্যয়ন-এর আবেদন প্রসঙ্গে।

সূত্র: জেলা পরিসংখ্যান কার্যালয়, বাগেরহাট-এর পত্র নম্বর: ৫২.০১.০১০০.০০৪.৫০.০০২.২০.১২৯, তারিখ: ০৮/০৯/২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার চিতলমারী আদিবাসী বহুমুখী সমবায় সমিতি লিমিটেড এবং কালেনী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী আদিবাসী সমাজকল্যাণ সমিতি কর্তৃক জেলা পরিসংখ্যান কার্যালয়ের মাধ্যমে উপজেলার বর্মন, পাত্র ও রাজবংশী সম্প্রদায়ের জনগোষ্ঠীকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৯ সালের প্রকাশিত গেজেট অনুযায়ী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হিসেবে জনশুমারিতে অন্তর্ভুক্তকরণ এবং প্রত্যয়ন চেয়ে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বরাবর আবেদন করা হয়েছে। এ বিষয়ে উল্লেখ্য যে, বিবিএস কর্তৃক ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রতিষ্ঠান আইন, ২০১০-এর তৎকালীন তফসিলীভুক্ত ২৭টি সুনির্দিষ্ট ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বাকিদের অন্যান্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠী তালিকাভুক্ত করে আদমশুমারি ও গৃহগণনা, ২০১১-তে অন্তর্ভুক্ত করা হয়। সংগৃহীত উপাত্তের ভিত্তিতে সমষ্টিগত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জনগণের সংখ্যা প্রকাশ করা হয়েছে। মূলত শুমারির মাধ্যমেই এ সংখ্যা হালনাগাদ করা হয়ে থাকে। পরবর্তী ২০২১ সালে অনুষ্ঠিতব্য জনশুমারি ও গৃহগণনায় উল্লিখিত আইনের হালনাগাদ তফসিল অনুযায়ী সুনির্দিষ্টভাবে ৫০টি এবং বাকিদের অন্যান্য ক্ষুদ্র-গোষ্ঠীতে তালিকাভুক্ত করে অন্তর্ভুক্তির পরিকল্পনা করা হয়েছে। অতীতের ধারাবাহিকতায় এবারের শুমারিতেও প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সমষ্টিগত উপাত্ত প্রকাশ করা হবে।

০২। এ বিষয়ে আরও জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো হতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হিসেবে প্রত্যয়নপত্র জারি করা বিবিএস-এর এখতিয়ারভুক্ত নয়। বিদ্যমান পরিসংখ্যান আইন, ২০১৩-এর ৬ ধারায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ওপর অর্পিত দায়িত্বের মধ্যে এ ধরনের প্রত্যয়নপত্র প্রদানের বিধান কিংবা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিদ্যমান সিটিজেন চার্টারেও এ ধরনের সনদ/প্রত্যয়নপত্র প্রদানের কোন সুযোগ নেই। এমতাবস্থায়, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হিসেবে ভবিষ্যতে অনুষ্ঠিতব্য জনশুমারি ও গৃহগণনায় অন্তর্ভুক্ত করা হবে, সেই বিবেচনায় কাউকে বিবিএস কর্তৃক অগ্রিম প্রত্যয়নপত্র প্রদানের বিষয়টিও অপ্রাসঙ্গিক মর্মে প্রতীয়মান হয়।

০৩। এমতাবস্থায়, মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র এ বিষয়ে গৃহীত পদক্ষেপ এবং সীমাবদ্ধতার বিষয়টি আপনাকে অবগত করা হলো।

উপপরিচালক (ভারপ্রাপ্ত)
জেলা পরিসংখ্যান কার্যালয়
১২৬৬ কে আলী রোড
পূর্ব দশানী রোড, বাগেরহাট।

(মো. জাহিদুল হক সরদার)
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ৫৫০০৭০৫৪

ই-মেইল: hoquesardarbbs@gmail.com

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১. যুগ্মপরিচালক (সকল) বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়,
০২. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ই-২৭/এ আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৩. উপপরিচালক/উপপরিচালক (ভা.প্রা.) (সকল), জেলা পরিসংখ্যান কার্যালয় ব্রহ্মনামা সকল উপজেলা পরিসংখ্যান কার্যালয়কে অবহিত করার অনুরোধসহ।
০৪. উপজেলা নির্বাহী অফিসার, চিতলমারী, বাগেরহাট।
০৫. সভাপতি, চিতলমারী উপজেলা আদিবাসী বহুমুখী সমবায় সমিতি লি., চিতলমারী, বাগেরহাট।
০৬. সভাপতি, কালেনী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী আদিবাসী সমাজকল্যাণ সমিতি, চিতলমারী, বাগেরহাট।
০৭. ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, আগারগাঁও, ঢাকা।